



তথ্যবিবরণী

নম্বর-০০১

স্বাস্থ্যসেবায় রাজশাহী মেডিকেল কলেজ অন্যান্য

- রাসিক মেয়র খায়রুজ্জামান লিটন

রাজশাহী; ১৭ আষাঢ় (০১ জুলাই):

রাজশাহী সিটি কর্পোরেশনের (রাসিক) মেয়র এ.এইচ.এম খায়রুজ্জামান লিটন বলেছেন, স্বাস্থ্যসেবায় রাজশাহী মেডিকেল কলেজটি দেশের অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে অনন্য। প্রায় ১৫ হাজার ডাক্তার এ প্রতিষ্ঠান থেকে শিক্ষা লাভ করেছে যারা আজ স্বমহিমায় সমুজ্জ্বল। সেবার মানের দিক থেকে দেশ সেরা রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালের সুনাম অব্যহত রাখতে হবে।

তিনি আজ (১ জুলাই) দুপুরে রাজশাহী মেডিকেল কলেজ ডে-২০২৪ (৬৬তম) উপলক্ষে মেডিকেল কলেজ অডিটোরিয়ামে আয়োজিত আলোচনা সভা ও স্মৃতিচারণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় এসব কথা বলেন।

মেয়র বলেন, চিকিৎসা এমন একটি পেশা যা মানুষকে নতুন জীবন দান করে, ফলে মানুষ তা বহুকাল মনে রাখে। মানুষের সেবায় নিয়োজিত হওয়ার মাধ্যমে এ পেশাই সম্মানিত হওয়া যায়। এসময় তিনি রাজশাহীতে শিশু হাসপাতাল চালুর উদ্যোগ গ্রহণের ঘোষণা দিয়ে এ হাসপাতালের পরিচালনা পর্যদের সভাপতি হিসেবে এটির উন্নয়নে আরও কাজ করার আহ্বাহ প্রকাশ করেন এবং সেজন্য ডাক্তারদের সহযোগিতা কামনা করেন।

রামেক অধ্যক্ষ অধ্যাপক ডাঃ মোঃ নওশাদ আলীর সভাপতিত্বে আয়োজিত অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন রামেকের প্রাক্তন কৃতি শিক্ষার্থী বণ্ডা-৭ আসনের সংসদ সদস্য অধ্যাপক ডাঃ মোঃ মোস্তফা আলম নান্নু, নাটোর-৪ আসনের সংসদ সদস্য ডাঃ মোঃ সিদ্দিকুর রহমান পাটোয়ারী, সিরাজগঞ্জ-৩ আসনের সংসদ সদস্য ডাঃ মোঃ আবদুল আজিজ এবং মেহেরপুর-২ আসনের সংসদ সদস্য ডাঃ এএসএম নাজমুল হক সাগর।

আলোচনা সভা ও স্মৃতিচারণ অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন, রামেক হাসপাতালের পরিচালক ব্রিগেডিয়ার জেনারেল এফএম শামীম আহমেদ, সাবেক পরিচালক অবসরপ্রাপ্ত ব্রিগেডিয়ার জেনারেল জামিলুর রহমান, বিএমএ রাজশাহী জেলা সভাপতি অধ্যাপক ডাঃ এবি সিদ্দিকী, বীর মুক্তিযোদ্ধা ডাঃ এম এ মান্নান, তবিরুর রহমান শেখ, অধ্যাপক ডাঃ খলিলুর রহমান, কুষ্টিয়া মেডিকেল কলেজের অধ্যক্ষ অধ্যাপক মাহবুবুর রহমান খান বাদশাহ, কুষ্টিয়া বিএমএর সভাপতি অধ্যাপক মোস্তানজিদ, আরএমসি ডে-২০২৪ উদযাপন কমিটির আহ্বায়ক রামেক উপাধ্যক্ষ অধ্যাপক ডাঃ মু. হাবিবুল্লাহ সরকার প্রমুখ। অনুষ্ঠানে রাজশাহী মেডিকেল কলেজের প্রতিষ্ঠাকাল থেকে অদ্যবধি বিভিন্ন ব্যাচের সহশ্রীধিক ডাক্তার উপস্থিত ছিলেন।

দিনটি উদযাপনে এর আগে সকালে জাতীয় পতাকা উত্তোলন এবং বেলুন-ফেস্টুন উড়ানো, বর্ণাঢ্য র্যালি, কেঁককাটা ও পরে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

.....
তৌহিদ/রুহুল/২০২৪/২০.০০ঘ.